

তারিখ: ১৬ মে ২০২৪

স্মারক নং: রিহ্যাব/ইঞ্জিঃ/সকল সদস্য/২০২৪/৫/ ২৩০২৬

বরাবর

সম্মানিত সকল সদস্য

রিয়েল এস্টেট এ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব)।

বিষয়: নির্মাণাধীন প্রকল্পের অভ্যন্তরে ও চারিপার্শ্বে জমে থাকা পানিতে এডিস মশাবাহিত ডেঙ্গু ও চিকনগুনিয়া রোগ প্রতিরোধে করণীয় ও দিক-নির্দেশনা প্রসঙ্গে।

সূত্র : ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, স্মারক সংখ্যা : ৪৬.২০৭.০০০১১.০১.৮২.২০২৪ তারিখ: ০২ মে ২০২৪।

জনাব


রিয়েল এস্টেট এ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব) এর পক্ষ থেকে শুভেচ্ছা গ্রহণ করুন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সূত্রে উল্লিখিত গত ০২ মে, ২০২৪ তারিখে প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক প্রেরিত পত্রানুসারে রাজউক আওতাভুক্ত নির্মাণাধীন এ্যাপার্টমেন্ট সমূহের কিউরিং-এর পানি, চৌবাচ্চা, লিফট কোর, বেজমেন্ট, অঙ্গিনা, ড্রেন ও আশপাশের স্থান-এ জমে থাকা পানিতে এডিস মশার বংশ বিস্তারের উপর্যুক্ত পরিবেশ মর্মে চিহ্নিত হয়েছে। মরণঘাতী এই এডিস মশার উৎস নির্মূলকল্পে রিহ্যাব সদস্যদের নির্মাণ প্রকল্পের অভ্যন্তরে ও চারিপার্শ্বে জমে থাকা পানিতে এডিস মশা নিধনে সতর্কতা ও দিক-নির্দেশনা অনুসরণ করা আবশ্যিক। এমতাবস্থায়, এডিস মশার বংশ বিস্তার রোধে নিম্নলিখিত বিষয় সমূহ অনুসরণ করতে হবে-

১. নির্মাণাধীন ভবনের লিফট কোর : নির্মাণাধীন ভবনের লিফট কোর-এর খালি জায়গায় যেন পানি জমতে না পারে সেই জন্য লিফট লাগানোর পূর্ব পর্যন্ত বালি দিয়ে স্থানটি ভরাট করে রাখা আবশ্যিক।
২. বেজমেন্ট : নির্মাণাধীন ভবনে কোন প্রকার পানি জমতে না পারে সেদিকে লক্ষ্য রাখতে হবে। উক্ত স্থানে যদি কোন কারণে পানি জমে তবে ব্লিচিং পাউডার/লবণ/নভোলিউরন (মসকিটন) কীটনাশক ট্যাবলেট ব্যবহার করতে হবে।
৩. চৌবাচ্চা : চৌবাচ্চাসহ নির্মাণাধীন ভবনের চারিপার্শ্ব পরিষ্কার-পরিছন্ন রাখতে হবে। বিশেষ করে, যেন কোন ভাবেই বৃষ্টি বা কিউরিং-এর পানি জমতে না পারে, সেদিকে লক্ষ্য রাখতে হবে।
৪. নর্দমা ও আশপাশের পানি জমার স্থান : নর্দমা ও আশপাশে পানি জমার স্থানটি পরিষ্কার-পরিছন্ন রাখতে হবে। এডিস মশার বংশ বিস্তার রোধে ৩ দিন অন্তর-অন্তর পানি পরিবর্তনসহ ব্লিচিং পাউডার/লবণ/ নভোলিউরন (মসকিটন) কীটনাশক ট্যাবলেট ব্যবহার করতে হবে।
৫. প্রকল্প এলাকা : এছাড়াও প্রকল্পের অভ্যন্তরে ও চারিপার্শ্বে জমে থাকা পানি, প্রতিদিন ফেলে দিতে হবে বা পরিবর্তন করতে হবে।

সিটি কর্পোরেশনের পত্র ও রিহ্যাবের দিক-নির্দেশনা অনুসারে সকল রিহ্যাব সদস্য প্রতিষ্ঠানকে চলমান ও নতুন ভবন নির্মাণ এবং পরিকল্পনার ক্ষেত্রে এডিস মশা নিধনে আবশ্যিকভাবে প্রকল্পের দায়িত্বপ্রাপ্ত একজন কর্মকর্তাকে সুনির্দিষ্ট ভাবে জবাবদিহিতার আওতায় আনতে হবে। অন্যথায়, প্রতিষ্ঠানের আর্থিক ক্ষতি বা সুনাম ক্ষুন্ন হওয়ার সম্ভাবনা রয়েছে। এ বিষয়ে স্ব-স্ব প্রতিষ্ঠানের পক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

ধন্যবাদান্তে-


মোঃ ওয়াহিদুজ্জামান

প্রেসিডেন্ট, রিয়েল এস্টেট এ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব)।

অনুলিপি:

০১। মাননীয় মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা- ১০০০।

০২। মাননীয় মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গুলশান সেন্টার পয়েন্ট, প্লট নং- ২৩-২৬, রোড নং- ৪৬, গুলশান-২, ঢাকা- ১২১২।

REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH

Head Office : NATIONAL PLAZA (5th & 6th Floor), 1/G Free School Street, Sonargaon Road Dhaka-1205. Tel : (+88-02) 9614606, 9614607, 9632570, 9632571, 9632572, 9632573, 9632574, E-mail : info@rehab-bd.org, web : www.rehab-bd.org
Chattogram Regional Office : SAF Arcadia (3rd Floor), 924, East Nasirabad, 2 No. Gate, Panchlaish, Chattogram
E-mail : ctg.region@rehab-bd.org, rehabctg@yahoo.com. Tel : 02334451441, 02334453884, 02334453885

